পরিচালক (প্রশাসন) এর দপ্তর
○ উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ○ প্রশাসনিক কর্মকর্তা
○ সহকারী পরিচালক (প্রশাসন) ○ ক্যান্টিন ম্যানেজার
○ সহকারী প্রকৌশলী ○ অন্যান্য.........
○ সহকারী প্রোগ্রামার
পত্র নং...........
তারিখঃ...........
পরিচালক (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

বিষয়: **২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

মহাপরিচালকের দপ্তর, বিয়াম
পত্র নং- ৮৬ তারিখ- ১৫/০৩/২৩
☑ পরিচালক (প্রশাসন) ☐ উপস্থাপন করুন
☐ পরিচালক (প্রশিক্ষণ) ☐ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন
☐ পরিচালক (অর্থ) ☐ আলোচনা করুন
☐ পরিচালক (শিক্ষা) ☐ নির্দেশনা
☐ প্রকল্প পরিচালক
☐ পিও
মহাপরিচালক

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ১৩.০৩.২০২৩ |
| সময় | : | বিকাল ৩.০০ টা |
| স্থান | : | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| সভাপতি | : | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় |

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ২৫ শে মার্চ কালরাত্রিতে পাকিস্তানীদের বর্বরোচিত হামলায় শহীদদের, মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী সকল বীর শহীদ ও বীর মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন।

০২. সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) বলেন যে, ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন বিষয়ে ৩০.০১.২০২৩ তারিখ **মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের** মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। তিনি উক্ত সভার জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট অংশ সভায় উপস্থাপন করেন। উক্ত সভার সিদ্ধান্তের সাথে সংগতি রেখে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার কর্মসূচি গ্রহণের লক্ষ্যে অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/অধিদপ্তর/সংস্থাপ্রধানগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | বিষয়/কর্মসূচি | তারিখ, সময় ও স্থান | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | **২৫ মার্চ গণহত্যা দিবসঃ**<br>শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা। | ২৫ মার্চ ২০২৩ (সুবিধাজনক সময়ে)। | বিপিএটিসি, বিয়াম ফাউন্ডেশন এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের অতিথি বক্তা হিসেবে আমন্ত্রণ করে ২৫ মার্চ গণহত্যা সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। 'স্টপ জেনোসাইড' চলচ্চিত্রটি (সম্ভব হলে) প্রদর্শন করা যেতে পারে। | (১) রেক্টর (সচিব), বিপিএটিসি<br>(২) মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর<br>(৩) মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন |

অপরপৃষ্ঠা-০২ দ্রষ্টব্য

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | ২৫.০৩.২০২৩ তারিখ (রাত ১০.৩০ মিনিট থেকে ১০.৩১ মিনিট পর্যন্ত) সারা দেশে প্রতীকি ব্ল্যাক-আউট ০১ মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত)। | ২৫.০৩.২০২৩ তারিখ (রাত ১০.৩০ মিনিট থেকে ১০.৩১ মিনিট পর্যন্ত)। | ২৫.০৩.২০২৩ তারিখ (রাত ১০.৩০ মিনিট থেকে ১০.৩১ মিনিট পর্যন্ত) সারা দেশে প্রতীকি ব্ল্যাক-আউট ০১ মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) পালন করা হবে। বিষয়টি মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী এবং অধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থাকে অবহিত করতে হবে। | (১)জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী<br>(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থাপ্রধান<br>(৩) উপসচিব (প্রশাসন-১ শাখা) |
| ১. | **২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদ্‌যাপনঃ**<br>সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)। | ২৬ মার্চ ২০২৩ (সূর্যোদয়ের সাথে সাথে)। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থার ভবনে জাতীয় পতাকা ~~উত্তোলন~~ উত্তোলন করা হবে (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থাপ্রধান |
| ২. | গুরুত্বপূর্ণ সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা **(কোনক্রমেই ২৫.০৩.২০২২ তারিখ আলোকসজ্জা করা যাবে না)।** | **২৬.০৩.২০২৩ সন্ধ্যা থেকে আলোকসজ্জা করা হবে। (কোনক্রমেই ২৫.০৩.২০২৩ তারিখ আলোকসজ্জা করা যাবে না)।** | জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/ সংস্থার ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করতে হবে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/ অধিদপ্তর/সংস্থাপ্রধান |
| ৩. | দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন এবং ক্রীড়া | ২৬ মার্চ ২০২৩ সকাল। | বিপিএটিসি, বিয়াম ফাউন্ডেশন এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের আওতাধীন স্কুল/কলেজে সকালে কুচকাওয়াজ, ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত | (১)রেক্টর (সচিব), বিপিএটিসি<br>(২)মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর<br>(৩)মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রতিযোগিতা অনুষ্ঠান আয়োজন। | | পরিবেশন এবং ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান করা হবে। | |
| ৪. | সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিকাল ৪.০০ টায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন। | ২৬ মার্চ ২০২৩ বিকাল ৪.০০ টা। | বিপিএটিসি, বিয়াম ফাউন্ডেশন এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের আওতাধীন স্কুল/কলেজে বিকাল ৪.০০ টায় অথবা সুবিধাজনক সময়ে স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন করা হবে। | (১)রেক্টর (সচিব), বিপিএটিসি<br>(২)মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর<br>(৩)মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন |
| ৫. | ২৬ মার্চ ২০২৩ তারিখ দেশের সকল হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে প্রতিষ্ঠান ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন। | ২৬ মার্চ ২০২৩ সুবিধাজনক সময়ে।ই_৮ | সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকায় উন্নতমানের খাবার পরিবেশন করা হবে। | পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল |

০৩. জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থা জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে নিজস্ব কর্মসূচি গ্রহণ করতে পারবে।

০৪. অনুষ্ঠান সমাপ্তির পর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থা সচিত্র প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

০৫. আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৩/২৩

(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সিনিয়র সচিব

নং-০৫.০০.০০০০.১১০.২৩.০১৪.২২-২৭০ তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯ / ১৪ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. রেক্টর (সচিব), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
২. রেক্টর (সচিব), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
৩. মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি)
৪. মহাপরিচালক (সচিব), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৫. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
৬. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
৭. অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
৮. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়
৯. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর
১০. পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা
১১. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়
১২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
১৩. উপসচিব (প্রশাসন-৪ শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়
১৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. অফিস কপি/মাস্টার ফাইল

১৪/০৩/২০২৩

(আলাউদ্দিন আলী)
উপসচিব
ফোন: ৫৫১০০২১৬

## বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন

৬৩, নিউ ইস্কাটন, ঢাকা-১২১৭।

---

নং- ০৫.০৫.০০০০.০০২.০২.০০৮.১৭.৬০৯(২৩) তারিখঃ ১৮ মার্চ ২০২৩

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. পরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
২. পরিচালক, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া/কক্সবাজার।
৩. উপপরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৪. সহকারী পরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৫. অধ্যক্ষ, বিএমএসসি/বিএলএস, ঢাকা।
৬. মেডিকেল অফিসার, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৭. প্রটোকল ও জনসংযোগ কর্মকর্তা/কোর্স সমন্বয়ক (সকল)/সহকারী প্রকৌশলী/সহকারী প্রোগ্রামার /হিসাবরক্ষণ কর্মকর্তা,বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৮. সহকারী প্রোগ্রামার, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ ও জুম অ্যাপে সভাটি কানেক্ট করার অনুরোধসহ)।
৯. প্রশাসনিক কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
১০. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. কেয়ারটেকার, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
১২. অফিস কপি।